

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে জৈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যদি তোমাকে জিজ্ঞেস করা হয়, তোমার রবকে কিভাবে চিনতে পেরেছ?

উত্তর: তাহলে তুমি বল, তার সম্পর্কে ইলম, তার অস্তিত্ব সম্পর্কে স্বভাবজাত স্বীকৃতি, তার সম্মান ও ভীতি আর ক্ষমতা যা দিয়ে তিনি আমাকে সৃষ্টি করেছেন সে সবের আলোকেই আমি তাকে চিনেছি। যেমনি ভাবে আমি তাকে চিনেছি তার নিদর্শনসমূহ ও সৃষ্টিগুলোর প্রতি দৃষ্টি দিয়ে ও চিন্তা-গবেষণা করে। যেমন, আল্লাহ তা আলা বলেন,

﴿ وَمِن ؟ ءَايَٰتِهِ ٱلَّي اللَّهَارُ وَٱلشَّم اسُ وَٱلكَقَمَرُ ؟ لَا تَس اَجُدُواْ لِلشَّم اسِ وَلَا لِلاَقَمَرِ وَٱس اَجُدُواْ اللَّهِ ٱلَّذِي خَلَقَهُنَّ إِن كُنتُم اللَّهُ لَا تَع اللَّهُ وَنَ ٣٧ ﴾ [فصلت: ٣٧]

"আর তার নিদর্শনগুলোর মধ্যে রয়েছে রাত, দিন, সূর্য ও চন্দ্র"। [সূরা ফুসসিলাত, আয়াত: ৩৭] এই সু-শৃঙ্খল, সুক্ষা ও সুন্দর বিশাল এ সৃষ্ট-জগত নিজে নিজে কখনো সৃষ্ট হতে পারে না। অবশ্যই অন্তিত্বহীনতা থেকে অন্তিত্বে আনয়ন করার জন্য তার স্রষ্টা রয়েছে। এটিই শক্তিশালী, মহান ও প্রজ্ঞাময় স্রষ্টার অন্তিত্বের বড় প্রমাণ। প্রত্যেক মাখলুক তাদের স্রষ্টা, মালিক, রিযিক দাতা ও তাদের বিষয়াদির ব্যবস্থাপককে স্বীকার করে। তবে মুষ্টিমেয় কতক নাস্তিক ব্যতীত। তার মাখলুকের মধ্যে আরো রয়েছে সাত আসমান, সাত যমীন ও তার অন্তর্ভুক্ত মাখলুকসমূহ, যার সংখ্যা, হাকীকত ও অবস্থা সম্পর্কে আল্লাহ ব্যতীত অন্য কেউ জানে না এবং তাদের রক্ষণাবেক্ষণ ও রিয়িকের ব্যবস্থা মহান স্রষ্টা, চিরঞ্জীব ও স্বকিছুর ধারক আল্লাহ ব্যতীত অন্য কেউ করে না। আল্লাহ তা'আলা বলেন,

﴿إِنَّ رَبَّكُمُ ٱللَّهُ ٱلَّذِي خَلَقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلثَّأَرا َضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ ٱساتَوَىٰ عَلَى ٱلاَعَرا َشِ اَيُعاشِي ٱلَّيالَ اللهُ ٱللَّهُ ٱللَّهُ ٱللَّهُ ٱللَّهُ ٱللَّمَاثِينَ وَٱلنَّامَةُ وَٱلنَّامُونَ وَٱلنَّجُومَ مُسَخَّرُتِ اللَّهُ اللَّهُ اللَّهُ ٱللَّخَلَاقُ وَٱلثَامَانَ تَبَارَكَ اللَّهُ اللَّ

"নিশ্চয় তোমাদের রব হলেন আল্লাহ, যিনি ছয় দিনে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন অতঃপর আরশে আরোহণ করেছেন। তিনি দিনকে রাত দ্বারা ঢেকে দেন, ফলে ওদের একে অন্যকে অতি দ্রুত অম্বেষণ করে। আর সূর্য, চাঁদ ও তারকারাজিকে তাঁর নির্দেশের অধীন করেছেন। জেনে রাখ, সৃষ্টি ও নির্দেশ তাঁরই। মহা বিশ্বের রব বরকতময় আল্লাহ।" [সূরা আরাফ, আয়াত: ৫৪]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9931

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন